

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়
দোহার, ঢাকা
www.bbs.dohar.dhaka.gov.bd

স্মারক নং- ৫২.০১.২৬১৮.১০২.০৪.০০৯.১৪- ০৬

তারিখ ২০ ফেব্রুয়ারি ১৪২৬
০৪ মার্চ ২০২০


বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' প্রকল্পের সুপারভাইজার ও তালিকাকারী/গণনাকারী নির্বাচন সংক্রান্ত।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' প্রকল্পের আওতায় ঢাকা জেলাধীন দোহার উপজেলার 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' প্রকল্পের লিস্টিং অপারেশন এবং মূল শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রমে তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজারগণের প্যানেল প্রস্তুতের জন্য গত ২১ জানুয়ারী ২০২০ খ্রি. তারিখের নং-৫২.০১.২৬১৮.১০২.০৪.০০৯.১৪-২০২০/০৩ সংখ্যক স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে প্রাপ্ত আবেদনপত্র এবং নিয়োগ কমিটির মাধ্যমে গৃহীত মৌখিক পরীক্ষার ভিত্তিতে পৌরসভা/ইউনিয়ন অনুযায়ী সংযুক্ত তালিকায় বর্ণিত রোল নম্বরধারীগণকে শর্তসাপেক্ষে নির্বাচন করা হলো।

সংযুক্তি: নির্বাচিত ও অপেক্ষমান সুপারভাইজার এবং তালিকাকারী/গণনাকারীগণের রোল নম্বরের তালিকা- ০৩ (তিন) পাতা।

শর্তাবলী:

- ০১। এ নিয়োগ শুধুমাত্র শুমারী কার্যক্রমে খানা তালিকা প্রণয়ন ও মূল শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রমের নির্ধারিত সময় পর্যন্ত বহাল থাকবে।
- ০২। নির্বাচিতগণ মাঠ পর্যায়ে কাজ চলাকালীন অন্য কোন কর্মে নিজুক্ত হতে পারবেন না।
- ০৩। নির্বাচিত প্রার্থীগণ প্রশিক্ষণ কার্যক্রমে অনুপস্থিত থাকলে তার নিয়োগ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।
- ০৪। 'জনশুমারী ও গৃহগণনা ২০২১' প্রকল্পের কাজে নির্বাচিত প্রার্থীর অবহেলা ও শুমারির দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা ও শুমারি কর্মীগণের সাথে অসদাচারন করলে কমিটির সিদ্ধান্ত মোতাবেক সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।
- ০৫। বাস্তবতার প্রেক্ষিতে সুপারভাইজার ও তালিকাকারী/গণনাকারীর সংখ্যা হ্রাস-বৃদ্ধি হতে পারে। চাহিদা কম হলে তালিকায় সর্বনিম্ন নির্বাচিত ব্যক্তিগণ অপেক্ষমান তালিকায় বিবেচিত হবেন।
- ০৬। নির্বাচিত ব্যক্তিগণ উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের চাহিদার প্রেক্ষিতে শুধুমাত্র খানা তালিকা প্রণয়ন ও তথ্য সংগ্রহ কার্যক্রমে নিয়োজিত হওয়া সাপেক্ষে প্রকল্পের সংস্থান অনুযায়ী সম্মানী/পারিতোষিক এবং ভাতাদি প্রাপ্য হবেন।



আফরোজা আক্তার রিবা
উপজেলা নির্বাহী অফিসার
দোহার, ঢাকা।

ও

সভাপতি

'জনশুমারি ও গৃহগণনা-২০২১' এর তালিকাকারী/গণনাকারী ও
সুপারভাইজার নির্বাচন সংক্রান্ত যাচাই বাছাই কমিটি।